

ডিজিটাল মেলা ২০২০ কুইজ প্রতিযোগিতা আয়োজনেঃ জেলা প্রশাসন, চুয়াডাঙ্গা

***কারা অংশগ্রহণ করতে পারবেনঃ

শুধুমাত্র চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দাগণ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন। চুয়াডাঙ্গা জেলার অধিবাসী কিনা এটির প্রমাণস্বরূপ যাদের জাতীয় পরিচয়পত্র আছে তারা পরিচয়পত্র এবং যাদের নেই তারা জন্মনিবন্ধন সনদের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবেন।

#পুরস্কারের তালিকাঃ

@১ম পুরস্কার- #৫০০০টাকা

@২য় পুরস্কার- #৩০০০টাকা

@৩য় পুরস্কার- #২০০০টাকা

* এছাড়াও পরবর্তী দশ(১০)জনকে #১০০০টাকা করে ১০টি বিশেষ পুরস্কার দেওয়া হবে।

জেলা প্রশাসন, চুয়াডাঙ্গার উদ্যোগে ডিজিটাল মেলা -২০২০ ও ওয়েব পোর্টাল, চুয়াডাঙ্গায় আপলোডকৃত তথ্যসমূহের উপর একটি কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ১ জুলাই, ২০২০ বুধবার সন্ধ্যা ০৭.০০ টা হতে রাত ১০.০০টা পর্যন্ত প্রতিযোগিতাটি চলমান থাকবে। প্রতিযোগিতার প্রশ্নসহ গুগল ফর্ম এবং প্রশ্নের উত্তর সাবমিট করার নিয়মাবলী ০১ জুলাই সন্ধ্যা ০৭.০০টায় চুয়াডাঙ্গা জেলার ওয়েবসাইটের (www.chuadanga.gov.bd) ঠিকানায় দেওয়া হবে।

#অংশগ্রহণের নিয়মাবলীঃ

১। একজন ব্যবহারকারী সর্বোচ্চ একবার উত্তর জমা দিতে পারবেন (একাধিকবার উত্তর জমা দেওয়ার তথ্য প্রমাণিত হলে পুরস্কার প্রাপ্তি থেকে বঞ্চিত হবেন)।

২। সঠিক উত্তর দাতাদের মধ্যে থেকে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত তিন জন বিজয়ী নির্বাচন করা হবে। একই নম্বর প্রাপ্ত হলে লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করা হবে।

৩। জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গায় কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীগণ এবং এই প্রতিযোগিতার সাথে সংশ্লিষ্ট কেউই এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

৪। যেকোন সময় এই প্রতিযোগিতা সংশ্লিষ্ট যেকোন বিষয় জেলা প্রশাসন, চুয়াডাঙ্গা পরিবর্তন, সংশোধন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। এ সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

* অনলাইনে ডিজিটাল মেলা-২০২০ দেখার জন্য ভিজিট করুন www.chuadanga.gov.bd